



# ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ

বাংলাদেশ নৌবাহিনী

সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

[www.dewbn.gov.bd](http://www.dewbn.gov.bd)

ফোন : ০১৭৬৯-৭১৯৮০৬, ফ্যাক্স : +৮৮০২২২৩৩০৩৫০১

০৬.০২.৬৭৫৮.১৬৫.১১.১৬৫.২২. ৪৬২

২০ এপ্রিল ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, সোনাকান্দা, নারায়ণগঞ্জ এর উৎপাদন বিভাগের ডকিং সেকশনের জন্য নিম্নবর্ণিত পদে দৈনিক ভিত্তিক শ্রমিক নিয়োগ প্রদান করা হবে :

| ক্রঃ নং | পদের নাম          | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা                                                                                                                                                                                                                             | বয়স (১২/০৫/২০২২ পর্যন্ত)                                                    | দৈনিক মজুরী                                                         |
|---------|-------------------|-------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------|
| ১।      | ক্রেন অপারেটর     | ০৩ (তিন) টি | ক। দেশী অথবা বিদেশী কোন কোম্পানীতে ন্যূনতম ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন।<br>খ। ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ।                                                                                                                                             | সর্বোচ্চ ৩৫ বছর (অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | অত্র প্রতিষ্ঠানের নিজস্ব দৈনিক ভিত্তিক জনবলের মজুরী কাঠামো অনুযায়ী |
| ২।      | অভিজ্ঞ রিগারম্যান | ০৩ (তিন) টি | ক। দেশী অথবা বিদেশী কোন কোম্পানীতে ন্যূনতম ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন।<br>খ। ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ।                                                                                                                                             | সর্বোচ্চ ৩৫ বছর (অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) |                                                                     |
| ৩।      | ক্রেন হেলপার      | ০২ (দুই) টি | ক। দেশী অথবা বিদেশী কোন কোম্পানীতে ন্যূনতম ০২ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন।<br>খ। ন্যূনতম এসএসসি পাশ।                                                                                                                                                   | সর্বোচ্চ ২৫ বছর                                                              |                                                                     |
| ৪।      | অভিজ্ঞ ডকার       | ০৭ (সাত) টি | ক। দেশী অথবা বিদেশী কোন শিপইয়ার্ডে/ডকইয়ার্ডে ন্যূনতম ০৫ বছরের ডকিং আনডকিং কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন।<br>খ। ন্যূনতম এক মিনিট পানির নিচে ডুবে থাকার অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ। দীর্ঘ সময় সাঁতারের অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ। ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ। | সর্বোচ্চ ৩৫ বছর (অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) |                                                                     |


২। প্রতিষ্ঠানের প্রচলিত নিয়মে দৈনিক ভিত্তিক মজুরী কাঠামো মোতাবেক মজুরী পরিশোধ করা হবে।

৩। অত্র প্রতিষ্ঠানের মেডিক্যাল সেকশন কর্তৃক প্রদত্ত মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট সন্তোষজনক প্রতিপাদিত হলে দৈনিক ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।

৪। আত্রহী প্রার্থীদেরকে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভা/ সিটি কর্পোরেশনের মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/ জাতীয়তা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জন্মনিবন্ধন (যদি থাকে), শিক্ষাগত যোগ্যতার সনদ/ প্রত্যয়ন পত্র ও সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্রসমূহের সত্যায়িত কপি এবং ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদনপত্র “ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বাংলাদেশ নৌবাহিনী, সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ” এর ঠিকানায় আগামী ১২ মে ২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। প্রেরিত খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৫। প্রার্থীদেরকে বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

- ৬। লিখিত/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ দেওয়া হবে না।
- ৭। পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।
- ৮। উল্লিখিত পদসমূহে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- ৯। বর্তমানে দেশে করোনা পরিস্থিতির বিষয়টি বিবেচনায় নিরাপত্তার স্বার্থে নিয়োগ সংশ্লিষ্ট পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে অবশ্যই কোভিড-১৯ টিকা সনদ প্রদর্শন করতে হবে।
- ১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক